



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস রিলিজ

তারিখঃ ২৩ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ  
০৯ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর সরকারি বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ, বেগম তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ ও বরিশাল সরকারি মহিলা কলেজ কেন্দ্রে সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে। ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১০ টায় এবং ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা বিকাল ৩ টায় অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদ এর অধীন ২৪টি বিভাগে ১৪৪০ টি আসনের বিপরীতে মোট ২৮,৪০২ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৬৮.১২% এবং ‘গ’ ইউনিটে ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৬৭.৪৬%। পরীক্ষা চলাকালীন সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ ইউনুস, সিন্ডিকেট সদস্য জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমানসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সাথে নিয়ে সরকারি বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল সরকারি মহিলা কলেজ কেন্দ্রসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা কক্ষ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে পরিদর্শকগণ ভর্তি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন। ভর্তি পরীক্ষা নির্বিঘ্ন ভাবে সম্পন্ন করার লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ে গতবছরের ন্যায় এবারও দুইজন নির্বাহী ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে প্রামাণ্য টিম দায়িত্বরত ছিল। ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র, স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বরিশালবাসী, রাজনৈতিক নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা, সুশীল সমাজ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, সিভিল সার্জনের কার্যালয়, সাংবাদিক, বাস মালিক সমিতি, পরীক্ষার্থী, অভিভাবক এবং বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, বিএনসিসি, রোভার স্কাউট ও ছাত্রলীগসহ অন্যান্য ছাত্র সংগঠনের নেতাকর্মীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। ভর্তি পরীক্ষায় ডিজিটাল ডিভাইস এর অপব্যবহার রোধে বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ বাহিরের কেন্দ্র গুলোতে এবারও অত্যাধুনিক ইলেক্ট্রনিক জ্যামার স্থাপন করে পরীক্ষা আয়োজন করা হয়। আগামীকাল ২৪ নভেম্বর শনিবার সকাল ১১ টা থেকে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ বরিশাল নগরীর ৭টি কেন্দ্রে ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস